

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৯১৭

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৫. তৃতীয় অনুচ্ছেদ - তাশাহুদ

আরবী

وَعَنْ نَافِعٍ قَالَ: كَانَ عَبْدُ اللَّهِ بْنُ عُمَرَ إِذَا جَلَسَ فِي الصَّلَاةِ وَضَعَ يَدَيْهِ عَلَى رُكْبَتَيْهِ وَعَنْ نَافِعٍ قَالَ: كَانَ عَبْدُ اللَّهِ بْنُ عُمَرَ إِذَا جَلَسَ فِي الصَّلَاةِ وَضَعَ يَدَيْهِ عَلَى رُكْبَتَيْهِ وَاللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَهِيَ أَشَدُّ وَأَشَارَ بِأُصْبُعِهِ وَأَتْبَعَهَا بَصَرَهُ ثُمَّ قَالَ: قَالَ رَسُولُ اللّهِ صَلَّى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَهِيَ أَشَدُّ عَلَى الشَّيْطَانِ مِنَ الْحَدِيدِ» . يَعْنِي السبابَة. رَوَاهُ أَحْمد

বাংলা

৯১৭-[১২] নাফি' (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, ইবনু 'উমার (রাঃ) যখন সালাতে বসতেন, নিজের দু' হাত নিজের দু' রানের উপর রাখতেন। আর শাহাদাত আঙ্গুল দিয়ে ইশারা করতেন এবং তার চোখের দৃষ্টি থাকতো আঙ্গুলের প্রতি। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ এ শাহাদাত আঙ্গুল শায়ত্বনের (শয়তানের) কাছে লোহার চেয়ে বেশি শক্ত। অর্থাৎ- শাহাদাত আঙ্গুল দিয়ে তাওহীদের ইশারা করা শায়ত্বনের (শয়তানের) ওপর নেয়া নিক্ষেপ করার চেয়েও কঠিন। (আহমাদ)[1]

ফুটনোট

[1] হাসান : আহমাদ ৫৯৬৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আঙ্গুলের ইশারাটা শায়ত্বনের (শয়তানের) নিকট তরবারি ও তীরের আঘাতের চেয়েও কঠিন, কেননা এখানে আল্লাহর একত্ববাদের ঘোষণা রয়েছে এবং এর মাধ্যমে সালাত (সালাত/নামায/নামাজ) আদায়কারী ব্যক্তিকে শায়ত্বন (শয়তান) শির্ক ও কুফরে লিপ্ত করবে, সে আকাঙ্ক্ষাক্ষে ধূলিসাৎ করে।

عَنِي السَّبَّابَة অর্থাৎ- তর্জনী দারা এ কথাটি রাবীর রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর নয়।

খাঁ সাববা-বাহ্) শব্দটি গালমন্দের অর্থে ব্যবহৃত হয় আর এ অর্থটি বেশী উপযোগী। এদিকে ইশারা করা হয়েছে যে, সালাত (সালাত/নামায/নামাজ) আদায়কারীকে পথভ্রম্ভ করার শায়ত্বনের (শয়তানের) ইচ্ছা আকাজ্ফা



নষ্ট হয়ে যায় (এ গালমন্দের দ্বারা)।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন